
সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 06:42 PM

আন্তর্জাতিক

উত্তরাখণ্ডে হেলিকপ্টার বিধ্বস্ত, পাইলটসহ নিহত ৬

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: শনিবার, ৩১ অক্টোবর ২০২৬, ০৯:৪৩ AM



ভারতের উত্তরাখণ্ডের চামোলি জেলায় জোশিমঠ-বদ্রীনাথ রুটে একটি হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। এতে পাইলটসহ ছয়জন নিহত হয়েছেন। গতকাল শুক্রবার দুপুরে তুষারপাতের মধ্যে এ দুর্ঘটনা ঘটে।

উত্তরাখণ্ড রাজ্য পুলিশের তথ্য অনুযায়ী, শুক্রবার দুপুর ১টা ১৪ মিনিটে বদ্রীনাথ থেকে উড্ডয়ন করে হেলিকপ্টারটি। এরপর হাতি পর্বত এলাকার কাছে সেটির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পরে বেলা ২টা ২০ মিনিটের দিকে মারওয়ারি ব্রিজের কাছে জেপি পাওয়ার হাউসের পাশে পাহাড়ে আছড়ে পড়ে হেলিকপ্টারটি।

নিহত ছয়জনের সবাই পুরুষ। তাঁদের মধ্যে পাঁচজন যাত্রী এবং একজন পাইলট। নিহত ব্যক্তিরা হলেন প্রতাপ, অরুণ, শঙ্কর গৌড়া, সুধীর কে, এইচ এস নটরাজ এবং পাইলট ক্যাপ্টেন হিমাংশু।

উত্তরাখণ্ড সিভিল এভিয়েশন ডেভেলপমেন্ট অথরিটি এক বিবৃতিতে জানিয়েছে, ট্রান্স ভারত এভিয়েশন প্রাইভেট লিমিটেডের হেলিকপ্টারটির

কল সাইন ছিল ভিটি-এইচসিএক্স। এটি বদ্রীনাথ থেকে দেরাদুনের সহস্রধারার উদ্দেশে যাত্রা শুরু করেছিল।

বিবৃতিতে বলা হয়, জোশিমঠ উপত্যকার ওপর দিয়ে যাওয়ার সময় হেলিকপ্টারটির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। একই সময়ে ট্র্যাকিং সিস্টেমেও সেটির অবস্থান শনাক্ত করা সম্ভব হয়নি। পরে হেলিকপ্টারটি বিধ্বস্ত হওয়ার খবর পাওয়া যায়।

এ দুর্ঘটনার পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ট্রান্স ভারত এভিয়েশন প্রাইভেট লিমিটেডের সব হেলিকপ্টারের চলাচল স্থগিত করা হয়েছে।

উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি জানিয়েছেন, দুর্ঘটনার সার্বিক পরিস্থিতি তিনি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন।

পাঁচ বছরে ৯টি বড় দুর্ঘটনা উত্তরাখণ্ডে

বদ্রীনাথ মন্দির উত্তরাখণ্ডের চার ধাম তীর্থের অন্যতম। হিমালয় অঞ্চলের চার ধামের অন্য তিনটি হলো যমুনোত্রী, গঙ্গোত্রী ও কেদারনাথ। প্রতিবছর এসব তীর্থে বিপুলসংখ্যক পুণ্যার্থী যাতায়াত করেন।

গত পাঁচ বছরে ভারতের মধ্যে সবচেয়ে বেশি হেলিকপ্টার দুর্ঘটনা ঘটেছে উত্তরাখণ্ডে। গত বছর ভারতের পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভার অধিবেশনে কেন্দ্রীয় সরকারের বেসামরিক বিমান চলাচল প্রতিমন্ত্রী মুরলীধর মোহল এ তথ্য জানিয়েছিলেন।

তিনি বলেছিলেন, ২০২০ থেকে ২০২৫ সালের মধ্যে দেশটিতে ১২টি বড় হেলিকপ্টার দুর্ঘটনা ঘটেছে। এর মধ্যে ৯টিই ঘটেছে উত্তরাখণ্ডে।

২০২২ সালের অক্টোবরে কেদারনাথে একটি যাত্রীবাহী হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছিল। ওই দুর্ঘটনায় পাইলটসহ সাতজন নিহত হন।

এ ছাড়া গত বছর মে ও জুন মাসে উত্তরকাশীতে পরপর দুটি হেলিকপ্টার দুর্ঘটনা ঘটে। এতে ১৩ জন নিহত হন। মাত্র ৪৫ দিনের ব্যবধানে ওই যাত্রাপথে পাঁচটি হেলিকপ্টার দুর্ঘটনা ঘটে। এর মধ্যে দুটি ছিল প্রাণঘাতী।

উত্তরাখণ্ডে হেলিকপ্টার দুর্ঘটনার অন্যতম কারণ খারাপ আবহাওয়া ও দৃশ্যমানতার অভাব। তবে কিছু দুর্ঘটনার পেছনে যান্ত্রিক ত্রুটিও দায়ী বলে দেখা গেছে।

গত পাঁচ বছরে উত্তরাখণ্ডের বাইরে মহারাষ্ট্রে চারটি হেলিকপ্টার দুর্ঘটনা ঘটেছে। এসব দুর্ঘটনায় সাতজন নিহত হয়েছেন। এ ছাড়া ছত্তিশগড়ে একটি দুর্ঘটনায় দুজনের মৃত্যু হয়েছে।

এ বিভাগের আরও খবর



ইরানে নতুন হামলা হলে ইউরোপকে আরও বড় মূল্য দিতে হবে: আরাগচি

ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার কারণে ইউরোপের জ্বালানি ব্যয় ১০০ বিলিয়ন ইউরোর বেশি বেড়েছে বলে মন্তব্য করেছেন জার্মানির চ্যান্সেলর...



রাশিয়ার হামলা ঠেকাতে ইউক্রেনকে ৫০০ প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র দিচ্ছে যুক্তরাষ্ট্র

রাশিয়ার বিমান ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা মোকাবিলায় ইউক্রেনের জন্য ৫০০টি অত্যাধুনিক প্যাট্রিয়ট (পিএসি-৩) ক্ষেপণাস্ত্র বিক্রির অনুমোদন দ...



নতুন পার্লামেন্টের প্রথম দিনেই স্পিকার বদলের পরিকল্পনা নেতানিয়াহুবিরোধীদের

ইসরায়েলের নতুন পার্লামেন্টের কার্যক্রম শুরুর দিনেই স্পিকার আমির ওহানাকে পদ থেকে সরানোর উদ্যোগ নিতে যাচ্ছে প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু...



ইউক্রেনে রাশিয়ার ড্রোন হামলায় নিহত ২০

ইউক্রেনের বিভিন্ন শহরে রাশিয়ার ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ২০ জন নিহত হয়েছেন। বৃহস্পতিবার দিনিপ্রো শহরের একটি ব্যস্ত রেলস্টেশনে ড্র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/international/uttrakhnde-helikptar-bidhbst-pailtsh-niht-6